# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 12, 1432 Bangla, February 25, 2026, Wednesday, No. 56, 56th year

# H I G H L I G H T S

Responsibilities have been distributed among the 10 advisers to Prime Minister ---Mirza Abbas Uddin Ahmed, Nazrul Islam Khan and Ruhul Kabir Rizvi Ahmed have been appointed as political advisers. [BBC: 03]

Govt. has approved withdrawal of 1,202 more politically motivated cases filed against opposition party leaders and activists during the rule of fascist Awami League--- said Home Minister Salahuddin Ahmed. [DW: 10]

The government will begin distributing 'Family Card' on a pilot basis in 14 upazilas from 10 March, which was a key pledge in the ruling party's election manifesto. [BBC: 03]

The by-election in Bogura-6 and the general election in Sherpur-3 constituency will be held on April 9. [Jago FM: 10]

Foreign Minister Khalilur Rahman has requested the United Arab Emirates to reintroduce work visas for Bangladeshis. [Jago FM: 13]

The Ministry of Finance said a Facebook event created using the name of State Minister for Finance Md Zonayed Abdur Rahim Saki is completely baseless and fabricated. [Jago FM: 15]

The former Chief prosecutor of International Crimes Tribunal Tajul Islam has claimed that the allegations of financial transactions against him are completely false, unsubstantiated and made with the malicious intent of questioning the trial process of the international tribunal. [BBC: 04]

Four police have been withdrawn from duty following allegations of assaulting DU students, on-duty journalists & pedestrians during an anti-narcotics drive at Suhrawardy Udyan in capital. [BBC: 04]

There is ongoing discussion and criticism centering incidents of beatings and arrests during police raids in various parts of country, including Suhrawardy Udyan, Dhanmondi Lake & Chandpur district. [BBC: 08]

Foreign investors are becoming active in the country's stock market. As a result, the amount of shares bought by foreign investors has increased compared to the amount sold. [Jago FM: 11]

# দৈনিক মনিটরিং রিপোর্ট

## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা

## ফাল্গুন ১২, বাংলা ১৪৩২, ফেব্রুয়ারি ২৫, ২০২৬, বুধবার, নং- ৫৬, ৫৬তম বছর

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমানের ১০ জন উপদেষ্টার মধ্যে দায়িত্ব বণ্টন করা হয়েছে। মির্জা আব্বাস উদ্দিন আহমেদ, নজরুল ইসলাম খান ও রুহুল কবীর রিজভী আহমেদকে রাজনৈতিক উপদেষ্টা করা হয়েছে। [বিবিসি: ০৩]

বিগত ফ্যাসিস্ট সরকারের আমলে বিরোধী দলের নেতা-কর্মীদের বিরুদ্ধে দায়ের করা রাজনৈতিক হয়রানিমূলক আরো ১,২০২টি মামলা প্রত্যাহারের অনুমোদন দেওয়া হয়েছে---স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। [ডয়চে ভেলে: ১০]

বিএনপির নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী সরকার আগামী ১০ মার্চ দেশের ১৪টি উপজেলায় পরীক্ষামূলকভাবে ফ্যামিলি কার্ড চালুর ঘোষণা দিয়েছে । [বিবিসি: ০৩]

বগুড়া-৬ আসনের উপ-নির্বাচন এবং শেরপুর-৩ আসনে আগামী ৯ এপ্রিল ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। [জাগো এফএম: ১০]

বাংলাদেশিদের জন্য পুনরায় শ্রম ভিসা চালু করতে সংযুক্ত আরব আমিরাতকে অনুরোধ জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। [জাগো এফএম: ১৩]

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে অর্থ প্রতিমন্ত্রী জোনায়েদ আব্দুর রহিম সাকির নাম ব্যবহার করে একটি `ভিত্তিহীন, ইভেন্ট ছড়িয়ে পড়েছে বলে জানিয়েছে অর্থ মন্ত্রণালয়। [জাগো নিউজ: ১৫]

আইসিটি-র সাবেক চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম দাবি করেছেন, তার বিরুদ্ধে ওঠা আর্থিক লেনদেনের অভিযোগ ”জঘন্য মিথ্যাচার, তথ্য প্রমাণবিহীন এবং আন্তর্জাতিক ট্রাইব্যুনালের বিচার প্রক্রিয়াকে প্রশ্নবিদ্ধ করার দুরভিসন্ধি থেকে করা হয়েছে। [বিবিসি: ০৪]

ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে পুলিশের মাদকবিরোধী অভিযানের সময় সাংবাদিক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও পথচারীদের মারধর করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় চার পুলিশ সদস্যকে প্রত্যাহার করা হয়েছে। [বিবিসি: ০৪]

ঢাকার সোহরাওয়ার্দী উদ্যান, ধানমন্ডি লেক এবং চাঁদপুরসহ দেশের বিভিন্ন স্থানে পুলিশের অভিযানে মারধর ও আটকের ঘটনা ঘিরে নানা আলোচনা-সমালোচনা চলছে। [বিবিসি: ০৮]

দেশের শেয়ারবাজারে সক্রিয় হচ্ছেন বিদেশি বিনিয়োগকারীরা। ফলে বিদেশি বিনিয়োগকারীদের শেয়ার বিক্রির বিপরীতে ক্রয়ের পরিমাণ বেড়েছে। [জাগো নিউজ: ১১]

# বিবিসি

## প্রধানমন্ত্রীর ১০ উপদেষ্টার মধ্যে দায়িত্ব বণ্টন করে প্রজ্ঞাপন

প্রধানমন্ত্রী তারেক রহমানের ১০ জন উপদেষ্টার মধ্যে দায়িত্ব বণ্টন করা হয়েছে। মঙ্গলবার মন্ত্রিপরিষদ বিভাগের এক প্রজ্ঞাপনে এই তথ্য জানানো হয়। মন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টাদের মধ্যে মির্জা আব্বাস উদ্দিন আহমেদ, নজরুল ইসলাম খান ও রুহুল কবীর রিজভী আহমেদকে রাজনৈতিক উপদেষ্টা করা হয়েছে। এছাড়া, মো. ইসমাইল জবিউল্লাহকে জনপ্রশাসন এবং রাশেদ আল মাহমুদ তিতুমীরকে অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্ব দেওয়া হয়েছে। অন্যদিকে, প্রতিমন্ত্রীর পদমর্যাদায় নিয়োগ পাওয়া উপদেষ্টাদের মধ্যে হুমায়ুন কবিরকে পররাষ্ট্র, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শামসুল ইসলাম, জাহেদ-উর-রহমানকে পলিসি অ্যান্ড স্ট্র্যাটেজি এবং মাহদী আমিনকে দেওয়া হয়েছে শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্ব। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে রেহান আসিফ আসাদকে। গত ১৭ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে নতুন সরকারে মন্ত্রী-প্রতিমন্ত্রীর পদমর্যাদায় এই ১০ জনকে উপদেষ্টা পদে নিয়োগ দেওয়া হয়।(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ এলিনা)

## রাজনৈতিক হয়রানিমূলক আরো ১,২০২টি মামলা প্রত্যাহারের অনুমোদন দেওয়া হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

রাজনৈতিক হয়রানিমূলক আরো এক হাজার ২০২টি মামলা প্রত্যাহারের অনুমোদন দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ফয়সল হাসান এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, "বিগত ফ্যাসিস্ট সরকারের আমলের ১৭ বছর যাবৎ বিরোধী দলের নেতা-কর্মীদের বিরুদ্ধে দায়েরকৃত রাজনৈতিক হয়রানিমূলক আরো ১,২০২টি মামলা প্রত্যাহারের অনুমোদন দেওয়া হয়েছে।„ এর আগে, গত রোববার রাজনৈতিক হয়রানিমূলক আরো এক হাজার ছয়টি মামলা প্রত্যাহার করা হয়েছিল।
(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ এলিনা)

## ১০ মার্চ থেকে দেশের ১৪টি উপজেলায় প্রাথমিকভাবে ˋফ্যামিলি কার্ড, দেওয়া হবে

আগামী ১০ মার্চ দেশের ১৪টি উপজেলায় প্রাথমিকভাবে ˋফ্যামিলি কার্ড, দেওয়া হবে। প্রধানমন্ত্রী তারেক রহমান এই অনুষ্ঠানের উদ্‌বোধন করবেন। মঙ্গলবার বেলা ১২টায় সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে ˋফ্যামিলি কার্ড, বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। ওই সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বর্তমান সরকারের অন্যতম নির্বাচনি অঙ্গীকার ছিল এই ˋফ্যামিলি কার্ড,। দেশের প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা দিতে ˋফ্যামিলি কার্ড, দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। নারীদের স্বাবলম্বী করতে প্রতিটি কার্ডে দেওয়া হবে আড়াই হাজার টাকা।
(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ এলিনা)

## প্রসিকিউশন টিমের ঘুস লেনদেনের অভিযোগ তদন্ত করে দেখা হবে : নতুন চিফ প্রসিকিউটর

মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক আইজিপি চৌধুরী আব্দুল্লাহ আল মামুনকে রাজ সাক্ষী করতে প্রসিকিউশন টিমের ঘুস লেনদেনের অভিযোগ খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন নতুন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। মঙ্গলবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। মি. ইসলাম বলেন, "আমি এইখানে নতুন দায়িত্ব নিয়েছি। আমি এই ট্রাইব্যুনালের সমস্ত কার্যক্রম আমাকে বুঝতে হবে। সমস্ত মামলার বিষয়বস্তু আমাকে বুঝতে হবে, জানতে হবে। আপনারা যে-সব অভিযোগ নিয়ে আসতেছেন, সেটাও আমাকে তদন্ত করে দেখতে হবে।„ উল্লেখ্য, অন্তর্বর্তী সরকারের আমলে নিয়োগ পাওয়া চিফ প্রসিকিউটর তাজুল ইসলামের বিরুদ্ধে আর্থিক লেনদেনের অভিযোগ তোলেন একই সময়ে নিয়োগ পাওয়া আরেকজন প্রসিকিউটর বিএম সুলতান মাহমুদ। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে কাজী মোস্তাফিজুর রহমান আহাদ নামে একজন আইনজীবীর রাজসাক্ষী সংক্রান্ত একটি স্ট্যাটাসে বিএম সুলতান মাহমুদ এমন অভিযোগ তুলেছিলেন।(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ এলিনা)

## পুলিশের নতুন আইজিপি আলী হোসেন ফকির

পুলিশের অতিরিক্ত আইজিপি ও আর্মড পুলিশ ব্যাটালিয়ন (এপিবিএন) এর প্রধান মো. আলী হোসেন ফকিরকে পদোন্নতি দিয়ে নতুন পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) পদে নিয়োগ দিয়েছে সরকার। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনের মাধ্যমে আজ এ তথ্য জানানো হয়। আলী হোসেন ফকির বিসিএস (পুলিশ) ক্যাডারের ১৫তম ব্যাচের সদস্য। তার জেলা বাগেরহাট।(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ এলিনা)

## রমনার ডিসি মাসুদ আলমকে অপসারণের দাবিতে বিক্ষোভ ঢাবি শিক্ষার্থীদের

পুলিশের রমনা বিভাগের ডিসি মাসুদ আলমকে অপসারণের দাবিতে শাহবাগ থানার সামনে বিক্ষোভ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। মঙ্গলবার বেলা ৩টা থেকে প্রায় ঘণ্টাব্যাপী শিক্ষার্থীরা বিক্ষোভ করে। সোমবার রাতে মাদকবিরোধী অভিযানের সময় এক শিক্ষার্থীকে মারধর ও লাঞ্ছনার অভিযোগে মঙ্গলবার শিক্ষার্থীরা ওই পুলিশ

কর্মকর্তাকে অপসারণের দাবি জানায়। বিকেল পৌনে ৪টায় আন্দোলনকারী ঢাবি শিক্ষার্থীদের কয়েকজন শাহবাগ থানার পুলিশ কর্মকর্তাদের সাথে কথা বলতে ভেতরে ঢোকেন। আন্দোলনকারীদের একজন সাংবাদিকদের জানান, "শাহবাগ থানার ভেতরে এখনো আলোচনা চলছে। শিক্ষার্থীরা গেছেন, কথা বলছেন। কথা বলে পরবর্তী সিদ্ধান্ত দেওয়া হবে।„ এই শিক্ষার্থী ক্ষোভ প্রকাশ করে বলেন, "পুলিশের চরিত্র পাল্টায়নি। তাদের পোশাক পরিবর্তন হয়েছে, কিন্তু তাদের যে স্বৈরাচারী ব্যবহার, সেটা পাল্টায় নাই। তারা কীসের তদন্ত করবে, সে ডিসি মাসুদের নাম নিতে পারছে না।„ এ বিষয়ে কথা বলতে শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে ফোন করলেও রিসিভ করেননি তিনি।
(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ এলিনা)

## প্রবাসী কর্মীদের মরদেহ বিনা খরচে দেশে আসার উদ্যোগ নেওয়া হবে : নুরুল হক

প্রবাসী কর্মীদের মরদেহ বিনা খরচে দেশে আসার উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী নুরুল হক। মঙ্গলবার দুপুরে সচিবালয়ে দুইটি ফ্রিজিং অ্যাম্বুলেন্সের উদ্‌বোধন করে এ কথা জানান তিনি। এক্ষেত্রে যে-সব জটিলতা রয়েছে, সেগুলো নিরসনের জন্য পদক্ষেপ নেওয়া হবে বলেও জানানো হয়। এছাড়া, প্রবাসী কল্যাণ মন্ত্রী আরিফুল হক চৌধুরী বলেন, "প্রবাসে যাদের লাশ আসবে, তাদেরকে ফ্রিজিং-এর যে ব্যবস্থাপনা করা হলো, এটা শুধু ঢাকায়ই নয়, এখন এটা চট্টগ্রাম, সিলেটসহ পর্যায়ক্রমে বাংলাদেশের সব জেলায়ই পৌঁছানো হবে।„
(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ এলিনা)

## রাষ্ট্রপতির বক্তব্য নিয়ে প্রশ্ন জামায়াত আমিরের

স্থানীয় গণমাধ্যমে সাক্ষাৎকারে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের বক্তব্য নিয়ে প্রশ্ন তুলেছেন জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। তিনি লিখেছেন, "৫ আগস্ট ২০২৪ বিষয়ে রাষ্ট্রপতি অনেক কিছুই চেপে গিয়েছেন। কথিত পলাতক প্রধানমন্ত্রীর পদত্যাগের বিষয়ে উনি উপস্থিত নেতৃবৃন্দকে যা বলেছিলেন এবং পরবর্তীতে জাতিকে যা জানিয়েছিলেন, তার বর্তমান বক্তব্যে তিনি তা স্বীকার করেননি। আর এখন যা বলছেন, সেদিন তার কিছুই তিনি বলেননি।„ "কোটি-কোটি মানুষ যা শুনলো এবং সেদিন তিনি যা বললেন, আর এখন যা বলছেন, তার হিসাব রাষ্ট্রপতি মিলিয়ে দেবেন কি?„ "জাতি অবুঝ নয়। রাষ্ট্রের সর্বোচ্চ জায়গা থেকে এ রকম আচরণ অগ্রহণযোগ্য।„ সম্প্রতি বাংলাদেশের দৈনিক কালের কণ্ঠ পত্রিকাকে দেওয়া একটি সাক্ষাৎকারে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন অন্তর্বর্তী সরকারের সময়কার বিভিন্ন বিষয়ে বক্তব্য দেন। সেখানে তিনি কিছু ক্ষোভও প্রকাশ করেন। তিনি বলেছেন, তাকে সরিয়ে দেওয়ার চেষ্টা হয়েছিল, তবে বিএনপি ও সামরিক বাহিনী সমর্থন না দেওয়ায় সেটা সম্ভব হয়নি।(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ এলিনা)

## মানবতাবিরোধী অপরাধের মামলায় আর্থিক লেনদেনের অভিযাগ মিথ্যা : তাজুল ইসলাম

মানবতাবিরোধী অপরাধের মামলায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সাবেক চিফ প্রসিকিউটর তাজুল ইসলামের বিরুদ্ধে ওঠা আর্থিক লেনদেনের অভিযোগ "জঘন্য মিথ্যাচার, তথ্য প্রমাণবিহীন এবং আন্তর্জাতিক ট্রাইব্যুনালের বিচার প্রক্রিয়াকে প্রশ্নবিদ্ধ করার দুরভিসন্ধি থেকে করা হয়েছে„ বলে দাবি করেছেন তিনি। মঙ্গলবার মি. ইসলাম তার ফেসবুকে এক বিবৃতিতে এমন দাবি করেছেন। চব্বিশের গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের বিচার এখন চলছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে। এই বিচারে পুলিশের সাবেক মহাপরিদর্শক চৌধুরী আব্দুল্লাহ আল মামুনকে রাজসাক্ষী করা ও আরেকটি মামলায় রাজসাক্ষী করার ক্ষেত্রে আর্থিক লেনদেনের অভিযোগ তুলেছেন ট্রাইব্যুনালেরই একজন প্রসিকিউটর বি এম সুলতান মাহমুদ। ওই অভিযোগের প্রেক্ষিতেই মি. ইসলাম ফেসবুকে এই প্রতিক্রিয়া জানিয়েছেন। বিবৃতিতে মি. ইসলাম বলেছেন, "উক্ত বিদ্বেষপ্রসূত ও অভিযোগগুলো সর্বতোভাবে মিথ্যা এবং ভিত্তিহীন। আন্তর্জাতিক ট্রাইব্যুনালে আমি এবং প্রসিকিউশন টিমের প্রতিটি পদক্ষেপ ছিল স্বচ্ছ এবং আইনানুগ।„
(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ এলিনা)

## সোহরাওয়ার্দী উদ্যানে অভিযান, শিক্ষার্থীকে মারধরের অভিযোগে চার পুলিশ প্রত্যাহার

রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে মাদকবিরোধী অভিযানের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে মারধরের অভিযোগে চার পুলিশ সদস্যকে ক্লোজড বা প্রত্যাহার করা হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার মো. মাসুদ আলম। সোমবার রাতে পুলিশের ওই অভিযানের ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে এটিকে ঘিরে ব্যাপক সমালোচনা হয়। পরে দুপুরে শাহবাগ থানার সামনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিক্ষোভ করে। ডিসি মি. আলম জানান, সোমবারের ঘটনায় চার পুলিশ সদস্যকে ক্লোজড করা হয়েছে। তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রনি)

## ওআইসির বৈঠকে অংশ নিতে পররাষ্ট্রমন্ত্রী হিসেবে প্রথমবারের মতো বিদেশ যাচ্ছেন খলিলুর রহমান

পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর প্রথমবারের মতো বিদেশ সফরে সৌদি আরব যাচ্ছেন খলিলুর রহমান। পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের এক বৈঠকে যোগ দিতে বুধবার ভোরে তার রওয়ানা হওয়ার কথা রয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের উপদেষ্টা হুমায়ুন কবিরেরও তার সাথে যাওয়ার কথা রয়েছে। জেদ্দায় অবস্থিত ইসলামী সহযোগিতা সংস্থার

(ওআইসি) সচিবালয়ে বৃহস্পতিবার নির্বাহী কমিটির এক জরুরি বৈঠক অনুষ্ঠিত হবে। ওই বৈঠকে ওআইসির সদস্য দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীরা অংশ নেবেন।(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রনি)

## স্থানীয় নির্বাচনে এনসিপি এবং জামায়াত আলাদা প্রার্থী দেবে

স্থানীয় পর্যায়ের নির্বাচনে জাতীয় নাগরিক পার্টি এবং জামায়াতে ইসলামী আলাদাভাবে প্রার্থী দেবে বলে জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। মঙ্গলবার রাতে বাংলা মোটরে দলটির অস্থায়ী কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। যদিও কিছুদিন আগে সমাপ্ত জাতীয় সংসদ নির্বাচনে জোটবদ্ধভাবে প্রার্থী দিয়েছিল জামায়াত ও এনসিপি, যাকে তারা নির্বাচনি জোট বলে বর্ণনা করেছে। মি. আলম বলেন, ”আমরা যেহেতু এখন পর্যন্ত জামায়াতও তাদের জায়গা থেকে বলেছে, তারা স্থানীয় পর্যায়ের নির্বাচনের প্রস্তুতি এককভাবে নেওয়া শুরু করেছে। আমরা এনসিপিও আমাদের জায়গা থেকে স্থানীয় নির্বাচনের যে প্রস্তুতি, আমরাও এককভাবে সেই প্রস্তুতি শুরু করতে যাচ্ছি।„ তবে শেষ মুহূর্তে যদি মনে হয়, ১১ দলীয় জোট একসাথে স্থানীয় নির্বাচন করতে পারে, তখন সেই সিদ্ধান্ত নেওয়া হবে বলেও উল্লেখ করেন তিনি। সিটি করপোরেশনসহ সব স্থানীয় পর্যায়ের নির্বাচনে এনসিপি দলীয় প্রার্থী ঘোষণা করবে বলেও জানান মি. আলম। ”আগামী কয়েক সপ্তাহের মধ্যেই বাংলাদেশের প্রত্যেকটি উপজেলা, সিটি করপোরেশন ও পৌরসভায় আমরা আমাদের প্রাথমিক প্রার্থী ঘোষণা করতে চাই। ১২টি সিটি করপোরেশন, ৪৯৫টি উপজেলা ও ৩৩০টি যে পৌরসভা রয়েছে, এনসিপি সেগুলোর দলীয় প্রার্থী ঘোষণা করবে,„ বলেন মি. আলম।(বিবিসি ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রনি)

## সংসদে প্রথম অধিবেশনে এবার স্পিকার-ডেপুটি স্পিকার নির্বাচন হবে যেভাবে

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পর সংসদ সদস্যদের শপথের মধ্যদিয়ে কার্যকর হয়েছে বাংলাদেশের জাতীয় সংসদ। আগামী ১২ মার্চ সংসদের অধিবেশন ডেকেছেন রাষ্ট্রপতি। তবে আগের সংসদের স্পিকার পদত্যাগ করেছেন এবং ডেপুটি স্পিকার কারাগারে থাকায় প্রথম অধিবেশনে সভাপতিত্ব কে করবেন, তা নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে। গত ১৭ ফেব্রুয়ারি সংসদ সদস্য হিসেবে শপথ নেওয়ার পরই তারেক রহমানকে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী নির্বাচিত করেছে বিএনপি জোট। অন্যদিকে, সংসদীয় টিমের বৈঠকে জামায়াতে ইসলামী-এনসিপি জোট জামায়াত আমির শফিকুর রহমানকে বিরোধীদলীয় নেতা আর এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামকে বিরোধী দলীয় চিফ হুইপ নির্বাচিত করেছেন। সংবিধান অনুযায়ী, সরকারি ফলাফল প্রকাশের ৩০ দিনের মধ্যে সংসদ অধিবেশন আহ্বানের বাধ্যবাধকতা রয়েছে। রোববার সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানিয়েছেন, আগামী ১২ মার্চ জাতীয় সংসদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হবে। সেই অধিবেশনেই স্পিকার, ডেপুটি স্পিকার নির্বাচিত হবে। ওই অধিবেশনেই ভাষণ দিবে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সংবিধান ও জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধি অনুযায়ী, পূর্ববর্তী সংসদের স্পিকার বা ডেপুটি স্পিকারের উদ্‌বোধনী অধিবেশনে সভাপতিত্ব করার কথা। বিগত সংসদদের স্পিকার-ডেপুটি স্পিকারের অবর্তমানে সংসদ অধিবেশন কীভাবে শুরু হবে বা প্রথম অধিবেশনে কে সভাপতিত্ব করবেন, সেটি নিয়েও নানা আলোচনা দেখা যাচ্ছে। সংসদ বিষয়ক গবেষক অধ্যাপক নিজাম উদ্দিন আহমেদ বিবিসি বাংলাকে বলেছেন, বর্তমানে বিগত সংসদের স্পিকার কিংবা ডেপুটি স্পিকারের অনুপস্থিতিতে রাষ্ট্রপতি মনোনীত কোন ব্যক্তিকে দিয়ে অধিবেশন শুরু করাতে হবে।

### সংসদ অধিবেশন শুরু হবে কীভাবে?

গত ১২ ফেব্রুয়ারির নির্বাচনে দুই তৃতীয়াংশের বেশি আসনে জয়লাভ করার পর এরই মধ্যে সরকার গঠন করেছে বিএনপি। নির্বাচনের পরদিন গত ১৩ ফেব্রুয়ারি মধ্যরাতে জাতীয় সংসদের নির্বাচিত সংসদ সদস্যদের নামে গেজেট প্রকাশিত হয়েছে। বিএনপি সরকারের ঘোষণা অনুযায়ী, আইনে বেধে দেওয়া সময়ের দুইদিন আগেই ১২ মার্চ সংসদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হবে। সোমবার বাংলাদেশের রাষ্ট্রপতি এই সংসদের প্রথম অধিবেশন আহ্বান করেছেন। বাংলাদেশের বিদ্যমান সংবিধান ও জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধি অনুযায়ী পূর্ববর্তী সংসদের স্পিকার কিংবা ডেপুটি স্পিকারের উদ্‌বোধনী অধিবেশনে সভাপতিত্ব করার কথা। ২০২৪ সালের ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর জাতীয় সংসদের স্পিকার নির্বাচিত হয়েছিলেন শিরীন শারমিন চৌধুরী। আর ডেপুটি স্পিকার নির্বাচিত হয়েছিলেন শামসুল হক টুকু। ছাত্র জনতার গণ-অভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতনের পর সংসদের স্পিকারের পদত্যাগ ও ডেপুটি স্পিকারের কারান্তরীণ থাকায় সংসদের প্রথম অধিবেশন কীভাবে পরিচালিত হবে, সেটি নিয়েও নানা প্রশ্ন সামনে আসছে। সংবিধানের ৭৪ অনুচ্ছেদে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন সম্পর্কে বলা আছে, ’কোনো সাধারণ নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকে সংসদ-সদস্যদের মধ্যে হইতে সংসদ একজন স্পিকার ও একজন ডেপুটি স্পিকার নির্বাচিত করিবেন এবং এই দুই পদের যে-কোনোটি শূন্য হইলে সাতদিনের মধ্যে কিংবা ওই সময়ে সংসদ বৈঠকরত না থাকিলে পরবর্তী প্রথম বৈঠকে তাহা পূর্ণ করিবার জন্য সংসদ-সদস্যদের মধ্য হইতে একজনকে নির্বাচিত করিবেন।’ সংবিধানে আরো বলা আছে, স্পিকার বা ডেপুটি স্পিকারের পদ শূন্য ডেপুটি স্পিকার, তার পদও শূন্য হলে বা কোনো কারণে তারা দায়িত্ব পালনে অসমর্থ হলে সংসদের কার্যপ্রণালি বিধি অনুযায়ী কোনো

সংসদ সদস্য এই দায়িত্ব পালন করবেন। তবে, জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধি অনুযায়ী প্রথম অধিবেশন পরিচালনার জন্য রাষ্ট্রপতি কাউকে মনোনীত করতে পারেন। আবার সংবিধানে একটি অনুচ্ছেদ বলা আছে, স্পিকার বা ডেপুটি স্পিকারের পদ শূন্য হলেও পরবর্তী উত্তরাধিকারী দায়িত্বভার গ্রহণ না করা পর্যন্ত তারা স্বীয় পদে বহাল আছেন বলে গণ্য হবেন।

সংসদ বিষয়ক গবেষক অধ্যাপক কে এম মহিউদ্দিন বিবিসি বাংলাকে বলেন, "বর্তমান প্রেক্ষাপটে বিগত সংসদের স্পিকার, ডেপুটি স্পিকার দুইজনই অনুপস্থিত। যে কারণে একটা সংসদ অধিবেশন ডাকার পর কী হবে, সেটা নিয়ে একটা সংকট আছে। কেননা এটা ব্যতিক্রমী একটা ঘটনা।„ তার মতে, স্পিকার ও ডেপুটি স্পিকার দুইজনের একজনও যদি না থাকে, তাহলে রাষ্ট্রপতি মনোনীত কোনো ব্যক্তি অধিবেশন পরিচালনা করতে পারেন কার্যপ্রণালি বিধির (৫) ধারা অনুযায়ী। "এটা যদি অনুসরণ করা হয়, তাহলে রাষ্ট্রপতির মাধ্যমে মনোনয়ন আসতে হবে। এক্ষেত্রে হয়ত রাষ্ট্রপতিকে প্রধানমন্ত্রী যেভাবে বলবেন, হয়ত সেভাবেই হবে,„ বলছিলেন মি. মহিউদ্দিন।

**শুরুতেই স্পিকার-ডেপুটি স্পিকার নির্বাচন**

স্পিকার-ডেপুটি স্পিকারের অনুপস্থিতিতে গত ১৭ ফেব্রুয়ারি প্রধান নির্বাচন কমিশনার সংবিধানের ১৪৮ অনুচ্ছেদ অনুসরণ করে সংসদ সদস্যদের শপথ পাঠ করান। বিএনপি-জামায়াত-এনসিপিসহ অন্যান্য নির্বাচিত সংসদ সদস্যরা শপথ বাক্য পাঠ করেন। ওইদিন বিকেলে বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে মন্ত্রিসভার শপথগ্রহণ হয়। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানিয়েছেন, আগামী মার্চের দ্বিতীয় সপ্তাহে জাতীয় সংসদের অধিবেশন বসবে। ওই অধিবেশনেই স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত করা হবে। এক্ষেত্রে সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত করার ক্ষেত্রে কিছু সুনির্দিষ্ট কিছু বিধানও রয়েছে বলে জানাচ্ছেন গবেষক ও বিশ্লেষকরা। অধ্যাপক নিজাম উদ্দিন আহমেদ বিবিসি বাংলাকে বলেন, "বিগত সংসদের স্পিকার-ডেপুটি স্পিকারের অনুপস্থিতিতে রাষ্ট্রপতি মনোনীত ব্যক্তির সভাপতিত্বে ত্রয়োদশ সংসদের প্রথম অধিবেশন শুরু করাতে হবে। তারপর ওই অধিবেশনেই স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন করা হবে।„ সংবিধানের ৭৪ অনুচ্ছেদে বলা আছে, কোনো সাধারণ নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকে সংসদ সদস্যদের মধ্য হইতে সংসদ একজন স্পিকার ও একজন ডেপুটি স্পিকার নির্বাচিত করবে। নিয়ম অনুযায়ী, কোনো একজন সংসদ সদস্য স্পিকার হিসাবে কারো নাম প্রস্তাব করে সংসদ সচিবালয়ের সচিবকে নোটিশ করবেন। অন্য একজন সংসদ সদস্যকে সেই প্রস্তাবে সমর্থন জানাতে হবে। যার নাম প্রস্তাব করা হবে, তিনি স্পিকার হিসাবে দায়িত্ব পালনে সম্মত আছেন, এমন বিবৃতিও নোটিশের সাথে দিতে হবে। এরপর এটি সংসদ সদস্যদের মধ্যে ভোটাভুটিতে যাবে।

অধ্যাপক কে এম মহিউদ্দিন বলছিলেন, "যদি স্পিকার ও ডেপুটি স্পিকার পদে একাধিক প্রার্থী না থাকে, তাহলে কণ্ঠভোটের মাধ্যমেই স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত হবেন।„ সাধারণত স্পিকার নির্বাচিত হওয়ার পর তার সভাপতিত্বে ডেপুটি স্পিকার নির্বাচন করা হয়ে থাকে। নিয়ম অনুযায়ী, এই নির্বাচন প্রক্রিয়া শেষ হওয়ার পর অধিবেশন মুলতবি ঘোষণা করা হবে। সেই সময়ে স্পিকার ও ডেপুটি স্পিকারকে শপথ পাঠ করাবেন রাষ্ট্রপতি। তারা শপথ নেওয়ার পরই তাদের সভাপতিত্বে শুরু হবে পরবর্তী সংসদের কার্যক্রম। বাংলাদেশের বিদ্যমান সংবিধানে বলা আছে, স্পিকার বা ডেপুটি স্পিকার পদত্যাগ না করা পর্যন্ত বা পদশূন্য না হওয়া পর্যন্ত তারা তাদের পদে বহাল থাকবে। পরবর্তী সাধারণ নির্বাচনের মাধ্যমে নতুন সংসদ গঠন না হওয়া পর্যন্ত তারা আগের পদেই বহাল থাকবে। নতুন নির্বাচনের মাধ্যমে পরবর্তী সংসদ অধিবেশন শুরু হলে নতুন স্পিকার ও ডেপুটি স্পিকারের শপথগ্রহণের মাধ্যমে পূর্ববর্তী স্পিকার ও ডেপুটি স্পিকারের কার্যকালের অবসান ঘটবে। বিদ্যমান সংবিধানে স্পিকার ও ডেপুটি স্পিকার দুটি পদই সরকারি দল থেকে নির্বাচিত হয়। তবে রাষ্ট্র ব্যবস্থা সংস্কারে যে জুলাই সনদ করা হয়েছে, সেখানে বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার পদ রাখার কথা বলা হয়েছে।

**সরকার ও বিরোধী দলীয় হুইপের কাজ কী?**

জাতীয় সংসদে স্পিকার-ডেপুটি স্পিকার পদের পর গুরুত্বপূর্ণ দুইটি পদ সরকারি ও বিরোধী দলের চিফ হুইপ বা হুইপ পদ। চিফ হুইপ হলেন সংসদে সরকারি দলের মুখপাত্র। চিফ হুইপের সঙ্গে কয়েকজন হুইপও থাকেন। তাদের সবাই সংসদ সদস্যের মধ্যেই নির্বাচিত হয়ে থাকেন। চিফ হুইপ ও হুইপের প্রধান কাজ সংসদে দলীয় শৃঙ্খলা রক্ষা করা। সংসদ বিষয়ক গবেষকরা বলছেন, হুইপের দায়িত্বের মধ্যে রয়েছে, নিজ দলের সদস্যদের পার্লামেন্ট বা আইনসভায় নিয়মিত হাজির করার ব্যবস্থা করা, সংসদে কোনো বিল উত্থাপিত হলে দলীয় সব সদস্যরা যেন দলের পক্ষে ভোট দেন, তা নিশ্চিত করা কিংবা সদস্যরা কোন বিষয়ের ওপর কতক্ষণ বক্তব্য দেবে, তার সময় সীমা নির্ধারণ করা। ত্রয়োদশ জাতীয় সংসদের নির্বাচিত সংসদ সদস্যরা ১৭ ফেব্রুয়ারি শপথগ্রহণ করেছেন। শপথগ্রহণের দিন সরকারি দল মন্ত্রিসভা গঠন করেছেন। একই দিন সংসদেই, জামায়াত এনসিপি জোটের সংসদ সদস্যরা শপথ বাক্য পাঠ করেন। পরে বিরোধী জোটের বৈঠকে জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমানকে বিরোধী দলীয় নেতা, জামায়াতের নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহেরকে বিরোধী দলীয় উপনেতা ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামকে

বিরোধী দলীয় চিফ হুইপ নির্বাচিত করা হয়। অধ্যাপক মহিউদ্দিন বলেন, আইন অনুযায়ী, চিফ হুইপ ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতার পদটি একজন পূর্ণ মন্ত্রীর পদমর্যাদার। এতে বিরোধীদলীয় নেতা একজন পূর্ণ মন্ত্রীর সমান সুযোগ-সুবিধা পেয়ে থাকেন। বিএনপির পক্ষ থেকে তারেক রহমানকে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী ঘোষণা করা হলেও, সংসদ উপনেতা কিংবা সরকার দলীয় চিফ হুইপ পদ এখনো ঘোষণা করা হয়নি।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০২.২০২৬ আলী আহমেদ)

## চালু হচ্ছে ফ্যামিলি কার্ড, অর্থ আসবে কোথা থেকে, কারা পাবেন

বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বাধীন সরকার আগামী ১০ মার্চ থেকেই দেশে পরীক্ষামূলকভাবে ফ্যামিলি কার্ড চালুর ঘোষণা দিয়েছে, যা এবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে দলটির অন্যতম প্রধান নির্বাচনি প্রতিশ্রুতি ছিল। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, এবার প্রাথমিকভাবে যে-সব ফ্যামিলি কার্ড দেওয়া হচ্ছে, তার বিপরীতে কার্ডধারী আড়াই হাজার টাকা করে পাবেন। প্রধানমন্ত্রী তারেক রহমান একটি উপজেলায় গিয়ে আনুষ্ঠানিকভাবে এ কর্মসূচির উদ্‌বোধন করবেন বলে সরকারের দিক থেকে জানানো হয়েছে। সমাজকল্যাণমন্ত্রী এ জেড এম জাহিদ হোসেন বিবিসি বাংলাকে বলেছেন, এখন আপাতত অর্থ মন্ত্রণালয় থেকে থোক বরাদ্দ নেওয়া হবে। তবে আগামী বাজেট থেকে এ খাতে নিয়মিত অর্থ বরাদ্দ থাকবে বলে জানিয়েছেন। প্রসঙ্গত, ত্রয়োদশ সংসদ নির্বাচনের আগে দলীয় ইশতেহারে বিএনপি নয়টি প্রধান প্রতিশ্রুতির কথা উল্লেখ করেছিলেন তার শুরুতেই ছিল এই ফ্যামিলি কার্ড। এতে বলা হয়েছিল, 'প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা দিতে 'ফ্যামিলি কার্ড' চালু করে প্রতি মাসে ২ হাজার ৫০০ টাকা অথবা সমমূল্যের নিত্যপ্রয়োজনীয় পণ্য সরবরাহ নিশ্চিত করা হবে। অর্থ সেবার এই পরিমাণ পর্যায়ক্রমে বাড়ানো হবে। প্রসঙ্গত, এর আগে আওয়ামী লীগ সরকারের সময়ে টিসিবির মাধ্যমে স্মার্ট ফ্যামিলি কার্ড চালু করা হয়েছিল, যার মাধ্যমে কার্ড গ্রহীতা বাজারমূল্যের চেয়ে কম দামে টিসিবি থেকে নিত্য প্রয়োজনীয় কয়েকটি পণ্য কিনতে পারতেন।

**কারা পাবেন, কীভাবে বাছাই হবেন তারা**

সমাজ কল্যাণমন্ত্রী এ জেড এম জাহিদ হোসেন জানিয়েছেন, সচিবালয়ে আজ প্রধানমন্ত্রীর সভাপতিত্বে হওয়া এক বৈঠকে ফ্যামিলি কার্ড দেওয়ার কর্মসূচি শুরুর প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। ওই বৈঠকেই বলা হয়েছে, এখন একটি পাইলট প্রকল্পের আওতায় ১৪টি উপজেলা থেকে একটি ইউনিয়নের একটি ওয়ার্ডকে বাছাই করা হচ্ছে এবং সেই ওয়ার্ডের প্রতি পরিবারের একজন নারী এই কার্ড পাবেন। "এই কার্ডের সুবিধা পাবেন পরিবারের মা বা নারী প্রধান। এর মাধ্যমে নারীরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হবে এবং পুরো পরিবার ও আগামী প্রজন্ম এর সুফল পাবে। আগামী চার মাসে পাইলটিং কাজ শেষ হবে। এরপর প্রতিটি উপজেলায় এর আওতায় আসবে„ বৈঠকের পর ব্রিফিংয়ে বলেছেন মি. হোসেন। সরকারের এখনকার সিদ্ধান্ত অনুযায়ী, একটি ওয়ার্ডে যে কতজন এই কার্ড পাওয়ার উপযুক্ত হবেন, তাদের সবাইকে ফ্যামিলি কার্ড দেওয়া হবে। এজন্য মাঠপর্যায় থেকে সরাসরি তথ্য সংগ্রহ করা হচ্ছে। মূলত হতদরিদ্র, দরিদ্র ও নিম্নবিত্ত পরিবারের মায়েরা এই সুবিধা পাবেন বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পর্যায়ক্রমে সারা দেশে যাচাই-বাছাই করে এ তিন ধরনের পরিবার থেকে কার্ড গ্রহীতাদের নাম নিশ্চিত করা হবে। মন্ত্রী বলেছেন, "এর মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও নারীকে অর্থনৈতিক স্বাবলম্বী করে গড়ে তোলার কাজ হবে। বিএনপির অন্যতম নির্বাচনি অঙ্গীকার। তারেক রহমান দীর্ঘদিন ধরে এটা নিয়ে কাজ করেছেন। ওনার সভাপতিত্বেই আজ এটি অনুমোদিত হয়েছে।„

**কত দেওয়া হবে, টাকার সংস্থান কীভাবে হবে**

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, যারা ফ্যামিলি কার্ড পাওয়ার জন্য বিবেচিত হবে, তারা কার্ড পাওয়ার পর প্রতি মাসে আড়াই হাজার টাকা করে পাবেন। অনুদানের এই অর্থ সরাসরি ব্যাংক বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের (এমএফএস) মাধ্যমে বিতরণ করা হবে। সমাজকল্যাণ মন্ত্রী বিবিসি বাংলাকে জানিয়েছেন, আপাতত অর্থ মন্ত্রণালয় এ জন্য প্রয়োজনীয় অর্থ থোক বরাদ্দ হিসেবে দেবে। পরবর্তীতে আগামী জুনে জাতীয় বাজেট ঘোষণার সময় সেখানে এ খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সরকার দেবে বলে সরকারের দিক থেকে বলা হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে, একটি ফ্যামিলি কার্ডে প্রতি পরিবারের সর্বোচ্চ পাঁচজন সদস্য বিবেচনায় নেওয়া হবে। তবে একান্নবর্তী পরিবারে সদস্য সংখ্যা বেশি হলে প্রতি পাঁচজনের জন্য আলাদা কার্ড দেওয়া হবে। এছাড়া, একই ব্যক্তি একাধিক ভাতা পাবেন না, তবে পরিবারের অন্য সদস্যরা প্রাপ্য সুবিধা পাবেন। কর্মকর্তারা জানিয়েছেন, উপজেলা পর্যায়ে ইউএনও-এর নেতৃত্বে এবং ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সরকারি কর্মচারীদের সমন্বয়ে গঠিত একটি কমিটি এই কার্যক্রম পরিচালনা করবে। "তদারকির জন্য প্রতিটি ওয়ার্ডে একজন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা নিয়োজিত থাকবেন। এছাড়া, ভুলত্রুটি এড়াতে 'দ্বিস্তর বিশিষ্ট' চেকিং ও রি-চেকিং ব্যবস্থা থাকবে„ ব্রিফিংয়ে বলেছেন সমাজকল্যাণমন্ত্রী এ জেড এম জাহিদ হোসেন। ফ্যামিলি কার্ড প্রথম দফায় যাদের দেওয়া হবে, তাদের কীভাবে বাছাই করা হচ্ছে জানতে চাইলে মন্ত্রী বলেন, "বাছাই করা হচ্ছে না। ইনফরমেশন কালেক্ট করা হচ্ছে প্রতিটি ডোর-টু-ডোর স্টেপস অ্যাপ্রোচের মাধ্যমে। কোনো অবস্থাতেই ঘরে বসে কোনো বাছাই হবে না।„

**আবেদন করা যাবে যেভাবে**

নির্বাচনের আগে ২২ জানুয়ারি সিলেট এক অনুষ্ঠানে বিএনপি চেয়ারম্যান তারেক রহমান বলেছিলেন যে বিএনপি ক্ষমতায় গেলে দেশের ৪ কোটি পরিবারকে 'ফ্যামিলি কার্ড' দেওয়া হবে। তিনি তখন বলেছিলেন যে, এই ফ্যামিলি কার্ডটি মূলত পরিবারের প্রধান নারীর নামে দেওয়া হবে। সরকার জানিয়েছে, এখন মাঠপর্যায়ে নির্ধারিত উপজেলার নির্ধারিত ওয়ার্ডে ঘরে ঘরে গিয়ে তথ্য সংগ্রহ করা হচ্ছে। এখনকার পাইলট প্রকল্প আগামী চার মাসে শেষ হবে এবং এরপর পর্যায়ক্রমে সারা দেশের প্রতিটি উপজেলাকে এই কর্মসূচির আওতায় আনার পরিকল্পনা করছে সরকার। কর্মকর্তারা বলছেন, এই কর্মসূচিতে স্বচ্ছতা আনতে এবং অনিয়ম রোধে জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে একটি কেন্দ্রীয় ডাটাবেজ তৈরি করছে সরকার। তবে আগ্রহীরা কীভাবে আবেদন করবেন, তা এখনো পুরোপুরি চূড়ান্ত হয়নি। পাইলট প্রকল্পে যাদের বাছাই করা হচ্ছে, তাদের জাতীয় পরিচয়পত্র, রঙিন ছবি ও একটি সচল মোবাইল নম্বর বা ব্যাংক নম্বর থাকে, সেটি নিজেদের কাছে রাখতে বলা হয়েছে। কর্মকর্তারা বলছেন, পরে একটি নির্দিষ্ট আবেদন ফরম থাকবে, যা আগ্রহীরা স্থানীয় সরকার প্রতিষ্ঠান বা সরকারের একটি অনলাইন পোর্টাল থেকে সংগ্রহ করতে পারবেন। প্রসঙ্গত, নির্বাচনের পর ১৭ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী তারেক রহমান ও তার মন্ত্রিসভা শপথগ্রহণ করে। এরপর ১৯ ফেব্রুয়ারি আন্তঃমন্ত্রণালয় বৈঠকে অর্থমন্ত্রীকে প্রধান করে ফ্যামিলি কার্ডের বিষয়ে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছিল। ওই কমিটিকে ঈদের আগেই যাতে ফ্যামিলি কার্ড বিতরণ শুরু করা হয়, সেজন্য আজ মঙ্গলবারের মধ্যে একটি প্রাথমিক প্রতিবেদন দিতে বলা হয়েছিল। আজ সেই প্রতিবেদনের ভিত্তিতেই ১০ মার্চ থেকে পাইলট প্রকল্পের আওতায় ফ্যামিলি কার্ড বিতরণের সিদ্ধান্ত নিয়েছে সরকার। সরকারের পরিকল্পনা অনুযায়ী, এই ফ্যামিলি কার্ডের মাধ্যমে সরকারের অন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচিগুলোর সমন্বয় করা হবে। (বিবিসি ওয়েব পেজ : ২৪.০২.২০২৬ আলী আহমেদ)

## মাদকবিরোধী অভিযানে ভূমিকা নিয়ে প্রশ্ন, পুলিশ কী চাইলেই পেটাতে পারে?

ঢাকার সোহরাওয়ার্দী উদ্যান, ধানমন্ডি লেক এবং চাঁদপুরসহ দেশের বিভিন্ন স্থানে পুলিশের অভিযানে মারধর ও আটকের ঘটনা ঘিরে নানা আলোচনা-সমালোচনা চলছে। অভিযানের সময় পুলিশ অতিরিক্ত শক্তি প্রয়োগ করেছে কিনা এমন প্রশ্নও সামনে আসছে। ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে পুলিশের মাদকবিরোধী অভিযানের সময় দুইজন সাংবাদিক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও পথচারীদের মারধর করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। এমনকি কয়েকজনকে হাতকড়া পরিয়ে আটক করতেও দেখা গেছে সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়া একাধিক ভিডিওতে। অবশ্য পরে তাদেরকে ছেড়ে দেওয়া হয়েছে বলে জানিয়েছে পুলিশ। ভুক্তভোগী অনেকের দাবি, কোনো ধরনের অবৈধ কিছু না পেয়েও পুলিশ তাদেরকে মারধর করেছে। যদিও পুলিশ বলছে, অভিযান চালানোর সময় কাজে বাধা দেওয়ার কারণেই এমন পরিস্থিতি তৈরি হয়েছে। মারধরের ঘটনা 'ভুল বোঝাবুঝির' কারণে হয়েছে বলেও দাবি ঢাকা মেট্রোপলিটন পুলিশ রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার মাসুদ আলমের। সোহরাওয়ার্দী উদ্যানে মাদকবিরোধী অভিযানের এই ঘটনা ছাড়াও ঢাকাসহ কয়েকটি জেলায় পুলিশের একাধিক অভিযানে তরুণ ও কিশোর বয়সিদের আটকের ঘটনা নিয়ে নানা আলোচনা চলছে। এসব অভিযানে পুলিশের অতিরিক্ত শক্তি প্রয়োগের বিষয়টি নিয়ে যেমন প্রশ্ন তুলেছেন অনেকে, তেমনি আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে, বিশেষ করে ছিনতাই ও মাদকের ব্যবহার কমাতে এর পক্ষেও কথা বলেছেন কেউ কেউ। বিশ্লেষকরা বলছেন, এর মধ্যদিয়ে পুলিশের বিরুদ্ধে আইনের অপব্যবহারের যে অভিযোগ সাধারণ মানুষের রয়েছে, সেটি আবারও সামনে এসেছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশের এমন পদক্ষেপ দরকার হলেও আইনের মধ্যে থেকেই এসব অভিযান পরিচালনা করা উচিত বলেও মনে করেন তারা। এদিকে, সোহরাওয়ার্দী উদ্যানের ঘটনায় চার পুলিশ সদস্যের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানা গেছে। এছাড়া, সামাজিক মাধ্যমে প্রচারিত ভিডিওগুলো পর্যালোচনা করে অভিযানের সময় আইনের ব্যত্যয় ঘটলে অপরাধীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ সদর দপ্তর।

### ঘটনা সম্পর্কে যা জানা যাচ্ছে

দেশের বিভিন্ন স্থানে পুলিশের মাদকবিরোধী অভিযান পরিচালিত হলেও ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানের ঘটনাটি নিয়ে সবচেয়ে বেশি আলোচনা হচ্ছে। এই অভিযানের সময় দুইজন মাল্টিমিডিয়া সাংবাদিক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও পথচারীদের মারধর করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়া এ সংক্রান্ত একাধিক ভিডিওতে পুলিশের সঙ্গে কয়েকজনকে তর্কে জড়াতে দেখা যায়। বাগ্‌বিতণ্ডার এক পর্যায়ে লাঠিচার্জ করে পুলিশ। এসময় দুইজনকে হাতকড়া পরিয়ে নিয়ে যেতেও দেখা যায় সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে। যেখানে একজনকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে পরিচয় দিতে দেখা গেছে। ওই ভিডিওতে পুলিশের একজন সদস্য দাবি করেন, সোহরাওয়ার্দী উদ্যানে মাদকবিরোধী অভিযানের সময় জেরার মুখে পুলিশ সদস্যদের ওপর হামলা করেন একজন মাদকসেবী। এই ঘটনায় পুলিশের একজন সদস্য আহত হয়েছেন বলেও দাবি করেন তিনি। অন্য একটি ভিডিওতে, ঢাকা মহানগর পুলিশের রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার বা ডিসি মাসুদ আলমের সাথে একজনকে তর্কে জড়াতে দেখা যায়। বাগ্‌বিতণ্ডার এক পর্যায়ে হঠাৎ এক পুলিশ সদস্য তাকে পেছন থেকে টেনে-হিঁচড়ে মাটিতে ফেলে লাঠি দিয়ে পেটাতে শুরু করেন। সোহরাওয়ার্দী উদ্যানের ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নাঈম উদ্দিন

এবং বাংলানিউজের মাল্টিমিডিয়া রিপোর্টার তোফায়েল আহমেদসহ কয়েকজন আহত হয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় নৃ-বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী নাঈম উদ্দিন জানান, 'বহু ভাষার সন্ধ্যা' নামক একটি অনুষ্ঠান নিয়ে আলোচনা করতেই সহকর্মীদের সঙ্গে সোহরাওয়ার্দী উদ্যানে গিয়েছিলেন তিনি। "আমাদের কাছে অবৈধ কিছু না পেয়েও তর্ক করার অভিযোগ তুলে আমাদের পুলিশ মারধর করে। আমার আরেক বন্ধুকেও তারা পিটিয়েছে,„ বিবিসি বাংলাকে বলেন মি. উদ্দিন।

এই ঘটনায় আহত তোফায়েল আহমেদ নামে আরেকজন গণমাধ্যমকর্মী অভিযোগ করেন, পুলিশের মাদকবিরোধী অভিযানের সংবাদ সংগ্রহ করতে সোহরাওয়ার্দী উদ্যানে গিয়েছিলেন তিনি। এদিকে, পুরো বিষয়টিকে 'ভুল বোঝাবুঝি' বলে দাবি করছেন ওই সময় ঘটনাস্থলে উপস্থিত ডিএমপি রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার মাসুদ আলম। তার দাবি, অভিযানের সময় এক মাদকাসক্তের হামলায় একজন পুলিশ সদস্য আহত হলে এই অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি তৈরি হয়। এ সময় ভুল করে কয়েকজন সাংবাদিকের ওপরও মারধরের ঘটনা ঘটে বলে তিনি জানান। কয়েকজন শিক্ষার্থীকে মারধরের বিষয়ে মি. আলম বলেন, অভিযানের অংশ হিসেবে সন্দেহভাজন ব্যক্তিদের তল্লাশির এক পর্যায়ে কয়েকজন তর্কে জড়ান এবং তল্লাশি চালাতে বাধা দেন। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে তিনি নিজে হস্তক্ষেপ করে পুলিশ সদস্যদের থামিয়েছেন বলেও দাবি করেন পুলিশের এই কর্মকর্তা। মি. আলম বিবিসি বাংলাকে বলেন, "আমাদের দুই তিনজন সদস্য আলোচনার মধ্যে পেছন থেকে বিশ্ববিদ্যালয়ের ওই শিক্ষার্থীকে মারধর করে, এই ঘটনাটা অনাকাঙ্ক্ষিত। যারা এটা করেছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থাও নেওয়া হয়েছে।„ সোহরাওয়ার্দী উদ্যান ছাড়াও, গত রবিবার ও সোমবার ঢাকার ধানমন্ডি লেক এবং চাঁদপুর শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে বেশ কয়েকজন তরুণ ও কিশোরকে আটক করেছে পুলিশ। তাদেরকে মারধর করা, কানে ধরিয়ে উঠবস করানো বা মুচলেকা নিয়ে ছাড়ার অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। এসব ঘটনায় আটককৃতদের বিরুদ্ধে মাদকসেবী কিংবা কিশোর গ্যাংয়ের সদস্য এমন নানা অভিযোগ আনা হয়েছে পুলিশের তরফ থেকে। পুলিশ বলছে, নির্দিষ্ট তথ্য ও অভিযোগের প্রেক্ষিতেই এসব অভিযান চালানো হয়েছে। গভীর রাতে এসব এলাকায় কম বয়সি কিছু কিশোর এবং তরুণ নিয়মিত মাদকের ব্যবহার করছিল বলেও দাবি তাদের। কিন্তু এভাবে কোনো অভিযান চালাতে গিয়ে মারধর করা বা কানে ধরে উঠবস করানো বা অপমান করার ক্ষমতা পুলিশের আছে কিনা, সামাজিক মাধ্যমে অনেকে সেই প্রশ্ন তুলেছেন।

**পুলিশ কতটা শক্তি প্রয়োগ করতে পারে?**

পুলিশের বিরুদ্ধে আইনের ব্যত্যয় ঘটানো কিংবা অতিরিক্ত বলপ্রয়োগের অভিযোগ নতুন নয়। জনবান্ধব পুলিশিংয়ের কথা বলা হলেও, বাহিনীর অনেকে সদস্যের কর্মকাণ্ডে নানা সময় প্রশ্নবিদ্ধ হয়েছে এই বাহিনী। বিশেষজ্ঞরা বলছেন, সিআরপিসি, পেনাল কোড, পিআরবি এবং সংবিধান এসব আইনগত কাঠামো পুলিশের কাজের ধরন ও মাত্রা নির্ধারণ করে দেয়। যেখানে পুলিশ কোন পরিস্থিতিতে কী অ্যাকশন নেবে, সে সম্পর্কেও বলা আছে। সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট মনজিল মোরশেদ বলছেন, পুলিশ কী করতে পারবে, কী পারবে না- এগুলো আইনগত কাঠামোয় স্পষ্টভাবে বিধিবদ্ধ। বলপ্রয়োগ হতে হবে প্রয়োজনীয়, সামঞ্জস্যপূর্ণ এবং যথাসম্ভব সীমিত। এছাড়া পুলিশের ক্ষেত্রে আন্তর্জাতিক আইনের বাধ্যবাধকতা রয়েছে বলেও মনে করেন তিনি। পরিস্থিতি অনুযায়ী পুলিশের শক্তি প্রয়োগের যথার্থতা জরুরি। আন্তর্জাতিক মানদণ্ড, বিশেষ করে জাতিসংঘের বেসিক প্রিনসিপলস বলছে, শক্তির প্রয়োগ হবে 'অ্যাবসোলুটলি নেসেসারি' এমন পরিস্থিতিতে। অর্থাৎ যেখানে অন্য কোনো উপায় নেই। মি. মোরশেদ বলছেন, "পরিস্থিতি অনুযায়ী পুলিশের সিদ্ধান্ত ভিন্ন হতে পারে। সোহরাওয়ার্দী উদ্যানের পরিস্থিতি অনেকদিন ধরেই ভালো নয়। মাদকের আখড়ায় পরিণত হয়েছে ওই এলাকাটি।„ উদ্ভূত পরিস্থিতি পুলিশের ভূমিকাকে বৈধতা দেয় কিনা, সেটা দেখা প্রয়োজন বলেও মনে করেন তিনি। পুলিশ কেন আঘাত করেছে, সেটি তদন্ত ছাড়া বলা কঠিন, কারণ দুই পক্ষই যার যার মতো করে ব্যাখ্যা দিচ্ছে। "অতিরিক্ত কেউ কিছু করলে, পুলিশ হলে তাকেও আইনের আওতায় আসতে হবে। তবে সাম্প্রতিক সময়ে অনেকের মধ্যে আইন ভাঙার একটা প্রবণতা দেখা যাচ্ছে, সেটাও ঠিক নয়,„ বলে মনে করেন মি. মোরশেদ।

অপরাধ নিয়ন্ত্রণে পুলিশের নিয়মিত অভিযান এবং টহলের প্রয়োজন রয়েছে, তবে এগুলো করতে গিয়ে পুলিশ মারমুখী হচ্ছে, এটি গ্রহণযোগ্য নয় বলেই মনে করে সমাজ ও অপরাধ বিশেষজ্ঞ তৌহিদুল হক। তিনি বলছেন, অতীতে পুলিশের অনেকে যেভাবে মারমুখী হয়ে এমন পরিস্থিতি নিয়ন্ত্রণ করতেন, তেমন একটি চেষ্টা অনেকের মধ্যে দেখা যাচ্ছে। "সরকার আইনের শাসন প্রতিষ্ঠার কথা বলছে, কিন্তু মাঠপর্যায়ে আইন-শৃঙ্খলা বাহিনীর ভূমিকা ভিন্ন,„ বলেন মি. হক। প্রশিক্ষিত বাহিনী হিসেবে পুলিশকে যেমন আইন ও বিধানের মধ্যে থেকে কাজ করতে হবে, তেমনি পুলিশের কাজে বাধা সৃষ্টি করা কিংবা তাদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণও গ্রহণযোগ্য নয় বলে তিনি মনে করেন।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০২.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### যুক্তরাষ্ট্র-ইরান আলোচনার প্রাক্কালে টানাপড়েন অব্যাহত

ওয়াশিংটন সামরিক চাপ প্রয়োগ অব্যাহত রাখার মাঝে, চলতি সপ্তাহে যুক্তরাষ্ট্র এবং ইরান আরেক দফা আলোচনার জন্য এগিয়ে যাচ্ছে। তেহরান সতর্ক করে দিয়ে বলেছে, যে-কোনো আগ্রাসনের হিংস্র জবাব তারা দেবে। হোয়াইট হাউস জানাচ্ছে যে, ইরানের পারমাণবিক কর্মসূচি এবং অন্যান্য বিষয় নিয়ে তৃতীয় দফা আলোচনা বৃহস্পতিবার জেনেভায় অনুষ্ঠিত হবে। প্রায় আট মাস বিরতির পর চলতি মাসের শুরুতে আলোচনা পুনরায় শুরু হয়। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তেহরানের উপর চাপ বাড়ানোর জন্য মধ্যপ্রাচ্যে ব্যাপক বাহিনী মোতায়েনের নির্দেশ দিয়েছেন। বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে যে, এই অঞ্চলের দিকে রওয়ানা হওয়া দ্বিতীয় বিমানবাহী রণতরি সোমবার ভূ-মধ্যসাগরের গ্রীক দ্বীপ ক্রিট-এ পৌঁছেছে। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা এনএইচকেকে জানান যে, লেবাননের বৈরুতে অবস্থিত মার্কিন দূতাবাস থেকে জরুরি নয় এমন মার্কিন সরকারি কর্মী এবং যোগ্য পরিবারের সদস্যদের চলে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। ইরানের সাথে সম্পৃক্ত জঙ্গিরা সেই দেশেই অবস্থান করছে।(এনএইচকে ওয়েবপেইজ: ২৪.০২.২৬ রনি)

## ডয়চে ভেলে

### আরো ১,২০২টি `রাজনৈতিক, মামলা প্রত্যাহারের অনুমোদন

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বিগত `ফ্যাসিস্ট সরকারের, আমলে ১৭ বছর ধরে বিরোধী দলের নেতা-কর্মীদের বিরুদ্ধে দায়ের করা রাজনৈতিক হয়রানিমূলক আরো ১,২০২টি মামলা প্রত্যাহারের অনুমোদন দেওয়া হয়েছে। আজ মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা (পরিচালক) ফয়সল হাসান স্বাক্ষরিত এক খুদে বার্তায় এ তথ্য জানানো হয়। গত রোববার একই কর্মকর্তার আরেক খুদেবার্তায় জানানো হয়, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, ১৭ বছর ধরে বিরোধী দলের নেতা-কর্মীদের বিরুদ্ধে দায়ের করা রাজনৈতিক হয়রানিমূলক এক হাজার ছয়টি মামলা প্রত্যাহারের অনুমোদন দেওয়া হয়েছে। এর আগে, গত ৮ ফেব্রুয়ারি আইন মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে জানায়, আওয়ামী লীগ সরকারের আমলে বিএনপি, জামায়াতে ইসলামী, হেফাজতে ইসলাম, গণঅধিকার পরিষদসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মীদের বিরুদ্ধে করা রাজনৈতিক হয়রানিমূলক মামলাগুলোর মধ্যে ২৩ হাজার ৮৬৫টি মামলা প্রত্যাহারের সুপারিশ করেছে অন্তর্বর্তী সরকার।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রুবাইয়া)

### তাজুল ইসলামের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটরের পদ থেকে বিদায়ের দিনে মোহাম্মদ তাজুল ইসলামের বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ করেছেন ট্রাইব্যুনালের প্রসিকিউটর বি এম সুলতান মাহমুদ। তার অভিযোগ, `চিফ প্রসিকিউটরের চেয়ারকে, টাকা আয়ের হাতিয়ার করেছিল তাজুল ইসলামের নেতৃত্বাধীন সিন্ডিকেট। সোমবার কাজী মোস্তাফিজুর রহমান আহাদ নামের একটি ফেসবুক আইডি থেকে `ট্রাইব্যুনালে সেটলিং বাণিজ্য ও রাজসাক্ষী নাটক : কেন সরতে হচ্ছে তাজুল ইসলামকে?, শিরোনামে একটি পোস্ট দেওয়া হয়। সেখানে দুটি মন্তব্য করেন প্রসিকিউটর সুলতান মাহমুদ। সেই দুই মন্তব্যে তাজুল ইসলাম ও প্রসিকিউটর গাজী মোনাওয়ার হুসাইন তামীমের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ করেন তিনি। পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন এবং আশুলিয়া থানার সাবেক উপ-পরিদর্শক (এসআই) শেখ আবজালুল হককে `অ্যাপ্রুভার, (রাজসাক্ষী) করা নিয়েও প্রশ্ন তুলেছেন প্রসিকিউটর সুলতান মাহমুদ। রংপুরে শহিদ আবু সাঈদ হত্যাকাণ্ডে করা মানবতাবিরোধী অপরাধের মামলা থেকে একজন পুলিশ কর্মকর্তাকে অব্যাহতি দেওয়া এবং চানখাঁরপুল এলাকায় `গুলি চালানোর নির্দেশ দেওয়া, একজন পুলিশ কর্মকর্তাকে আসামি না করে সাক্ষী করার অভিযোগ করেছেন তিনি। এ বিষয়ে প্রসিকিউটর সুলতান মাহমুদ ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, সকালে তিনি কাজী মোস্তাফিজুর রহমান আহাদ নামের একজনের ফেসবুক পোস্টে এসব কথা বলেছেন। তিনি যা বলেছেন, তার প্রমাণ তার কাছে রয়েছে। তবে প্রসিকিউটর সুলতান মাহমুদের এসব অভিযোগ অস্বীকার করেছেন তাজুল ইসলাম। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### বগুড়া-৬ ও শেরপুর-৩ আসনের উপ-নির্বাচন ৯ই এপ্রিল

প্রধানমন্ত্রী তারেক রহমানের ছেড়ে দেওয়া বগুড়া-৬ আসনের উপ-নির্বাচন এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মৃত্যুর কারণে স্থগিত থাকা শেরপুর-৩ আসনের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে তফশিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। তফশিল অনুযায়ী, এ দুই আসনে আগামী ৯ এপ্রিল ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। তবে গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত সংসদ নির্বাচনে `হ্যাঁ, ভোট বিজয়ী হওয়ায় শেরপুর-৩ আসনে আর গণভোটের প্রয়োজন হচ্ছে না। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) তফশিল ঘোষণা করা হয়। নির্বাচন কমিশনের অনুমোদনের পর ইসি সচিব আখতার আহমেদ সাংবাদিকদের এ দুই আসনের

নির্বাচনি সময়সূচি জানান। তফশিল অনুযায়ী, রিটার্নিং কর্মকর্তার কাছে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ সময় ২ মার্চ, মনোনয়নপত্র বাছাই ৫ মার্চ এবং মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ সময় ১৪ মার্চ।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০২.২০২৬ আসাদ)

## সার্ককে কীভাবে গতিশীল করা যায় জানতে চেয়েছেন পররাষ্ট্রমন্ত্রী

দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সহযোগিতা সংস্থাকে সার্ক কীভাবে গতিশীল করা যায়, সে বিষয়ে সংস্থার মহাসচিব মো. গোলাম সারওয়ারের কাছে জানতে চেয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন সার্কের মহাসচিব। সাক্ষাতের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মহাসচিব বলেন, বর্তমান সরকার আসার আগে তাদের নির্বাচনি ইশতেহারেও সার্ক বিষয়টি অন্তর্ভুক্ত ছিল। নতুন সরকার সার্ক ইস্যুতে বিশেষ গুরুত্ব দিচ্ছে। তিনি পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে সার্কের বিস্তৃত চিত্র তুলে ধরেছেন। মহাসচিব আরও জানান, সার্ক বর্তমানে কোথায় দাঁড়িয়েছে, তা মন্ত্রীর সঙ্গে আলোচনা করা হয়েছে। মন্ত্রী জানতে চেয়েছেন, সার্ককে কীভাবে আরও গতিশীল করা যায়। মূলত, সার্কের বর্তমান পরিস্থিতি এবং এর কার্যক্রমের ওপর ভিত্তি করে ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা হয়েছে যেন সংস্থা অগ্রণী ভূমিকা রাখতে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০২.২০২৬ আসাদ)

## আগামী হজ থেকে খরচ কমানোর উদ্যোগ নেওয়া হবে : ধর্মমন্ত্রী

আগামী হজ মৌসুম থেকে খরচ কমানোর উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন ধর্মমন্ত্রী কাজী মোফাজ্জল হোসেন কায়কোবাদ। মঙ্গলবার সচিবালয়ে রিলিজিয়াস রিপোর্টার্স ফোরাম নেতাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ কথা বলেন তিনি। ধর্মমন্ত্রী বলেন, এবার হজের সার্বিক প্রক্রিয়া এরই মধ্যে সম্পন্ন হয়েছে। তবে ভবিষ্যতে হজযাত্রীদের আর্থিক চাপ কমাতে সম্ভাব্য সব দিক পর্যালোচনা করা হবে। তিনি বলেন, আমি এখানে আসার আগেই এবারের প্রক্রিয়া শেষ হয়েছে। আগামী হজ থেকে যাতে ইতিবাচক পরিবর্তন আনা যায়, সে চেষ্টা থাকবে। সাংবাদিকদের ভূমিকার প্রশংসা করে তিনি বলেন, ধর্মবিষয়ক মন্ত্রণালয় সব সময় সংবাদমাধ্যমের সহযোগিতা পেয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ আসাদ)

## সমালোচনা বন্ধ করে কাজের মাধ্যমে দৃষ্টান্ত রেখে যেতে চাই : খাদ্যমন্ত্রী

খাদ্য, মৎস্য ও প্রাণিসম্পদ এবং কৃষি মন্ত্রণালয়ের মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশীদ বলেছেন, সমালোচনা করা পৃথিবীতে সহজতম কাজ। আমরা সমালোচনা বন্ধ করে আগামী প্রজন্মের জন্য একটি সুন্দর দৃষ্টান্ত রেখে যেতে চাই। একটি সুন্দর বাংলাদেশ রেখে যেতে চাই, যাতে আগামী প্রজন্ম আমাদের মনে রাখবে। মঙ্গলবার খাদ্য ভবনে খাদ্য অধিদপ্তরের সভাকক্ষে অধিদপ্তরের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় মন্ত্রী এসব কথা বলেন। খাদ্য অধিদপ্তরের পক্ষ থেকে অধিদপ্তরের চলমান কার্যক্রম সম্পর্কে মন্ত্রীকে অবহিত করা হয়। অধিদপ্তরের বর্তমান কার্যক্রম পরিচালনায় যে সমস্ত চ্যালেঞ্জ রয়েছে, সে বিষয়ে মতবিনিময় সভায় আলোকপাত করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ আসাদ)

## শেয়ারবাজারে সক্রিয় হচ্ছেন বিদেশিরা, বেড়েছে শেয়ার কেনা

দেশের শেয়ারবাজারে সক্রিয় হচ্ছেন বিদেশি বিনিয়োগকারীরা। শেয়ার বিক্রির বদলে তারা শেয়ার কেনায় মনোযোগী হয়েছেন। ফলে বিদেশি বিনিয়োগকারীদের শেয়ার বিক্রির বিপরীতে ক্রয়ের পরিমাণ বেড়েছে। চলতি বছরের প্রথম মাস জানুয়ারিতে বিদেশিরা যে পরিমাণ টাকার শেয়ার বিক্রি করেছেন, তার থেকে বেশি টাকার শেয়ার কিনেছেন। তবে এর আগে, টানা পাঁচ মাস বিদেশিদের শেয়ার বিক্রির পরিমাণ বেশি ছিল। রাজনৈতিক অস্থিরতা ও নির্বাচন ঘিরে শঙ্কা থাকায় দেশি ব্যক্তিদের শেয়ার বিক্রির চাপ বেশি ছিল বলে মনে করছেন শেয়ারবাজার সংশ্লিষ্টরা। তবে নির্বাচনের পরিবেশ তৈরি হওয়ার পর থেকেই বিদেশিরা শেয়ার কেনার প্রতি মনোযোগী হন। যে কারণে চলতি বছরে শেয়ার বিক্রির থেকে কেনার পরিমাণ বেশি হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ আসাদ)

## আগস্টের পর কিছু নিরীহ লোককে আসামি করা হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, ২০২৪ সালের ৫ আগস্টের পর বেশকিছু মামলায় ব্যক্তিগত সুবিধা চরিতার্থ করার জন্য কিছু সাধারণ ও নিরীহ লোককে আসামি করা হয়েছে। কিছু সুবিধাবাদী শ্রেণি এই মামলাগুলো করেছে, যেগুলো আমাদের নজরে এসেছে। মঙ্গলবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। ২০২৪ সালের ৫ আগস্টের পর দায়ের করা মামলাগুলো সম্পর্কে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, ৫ আগস্টের পর দায়ের করা বেশকিছু মামলায় ব্যক্তিগত সুবিধা চরিতার্থ করার জন্য কিছু সাধারণ ও নিরীহ লোককে আসামি করা হয়েছে। কিছু সুবিধাবাদী শ্রেণি এই মামলাগুলো করেছে, যেগুলো আমাদের নজরে এসেছে। এগুলো যাচাই-বাছাই করে আমরা সঠিক তথ্য খুঁজে বের করবো। তিনি বলেন, আমরা আইনের শাসন প্রতিষ্ঠা করতে

বদ্ধপরিকর। কেউ যেন অহেতুক হয়রানিমূলক মামলার শিকার না হন, সে বিষয়ে আমাদের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০২.২০২৬ আসাদ)

## এলপিজি সিলিন্ডারের দাম কমলো

ভোক্তা পর্যায়ে সরকারি-বেসরকারি এলপিজির মূল্য সমন্বয় করা হয়েছে। এতে দাম কমেছে এলপিজি সিলিন্ডারের। জাতীয় রাজস্ব বোর্ড থেকে এলপিজির উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন, কর প্রত্যাহারপূর্বক আমদানি পর্যায়ে মুসক আরোপের ফলে এই মূল্য সমন্বয় করা হয়। মঙ্গলবার এ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। এতে ১২ কেজির এলপিজি সিলিন্ডারের দাম ১ হাজার ৩৪১ টাকা নির্ধারণ করা হয়েছে। এর আগে, ২ ফেব্রুয়ারি ১২ কেজি সিলিন্ডারের দাম নির্ধারণ করা হয়েছিল ১ হাজার ৩৫৬ টাকা। এর আগের মাসে দাম ছিল ১ হাজার ৩০৬ টাকা। ফেব্রুয়ারিতে ১২ কেজিতে দাম বাড়ে ৫০ টাকা। অর্থাৎ ফেব্রুয়ারি মাসে ৫০ টাকা দাম বাড়ানোর পর এবার ১৫ টাকা কমানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০২.২০২৬ আসাদ)

## ফের রাষ্ট্রপতির প্রেস সচিব হলেন সরওয়ার আলম

ফের রাষ্ট্রপতির প্রেস সচিব নিয়োগ পেয়েছেন সাবেক অবসরপ্রাপ্ত সচিব সরওয়ার আলম। তাকে চুক্তিতে এক বছরের জন্য এ নিয়োগ দিয়ে মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ‛সরকারি চাকরি আইন, ২০১৮, এর ধারা-৪৯ অনুযায়ী অন্য যে-কোনো পেশা, ব্যবসা কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠনের সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে তিনি এ নিয়োগ পেয়েছেন। যোগদানের তারিখ থেকে সরওয়ার আলমের চুক্তিভিত্তিক নিয়োগ কার্যকর হবে বলেও প্রজ্ঞাপনে জানানো হয়েছে। এর আগে, ২০২৪ সালের ২৩ ডিসেম্বর দুই বছরের জন্য চুক্তিতে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের প্রেস সচিব নিয়োগ পেয়েছিলেন অবসরপ্রাপ্ত যুগ্ম-সচিব সরওয়ার আলম। তাকে সচিব পদমর্যাদায় এ নিয়োগ দেওয়া হয়েছিল। কিন্তু অন্তর্বর্তীকালীন সরকার পরে তাকে সরিয়ে দেয়। এখন নতুন করে আবার তিনি নিয়োগ পেলেন। সরওয়ার আলম বিসিএস ৮৫ ব্যাচের তথ্য ক্যাডারের কর্মকর্তা। তিনি সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার উপ-প্রেস সচিব ছিলেন। তিনি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি) সচিবের (জনসংযোগ) দায়িত্ব পালন করেছেন। এছাড়া তিনি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক (যুগ্ম-সচিব) ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## ‛নগদ, কীভাবে চলবে, সিদ্ধান্ত নেবে সরকার : ব্যারিস্টার আরমান

আর্থিক অনিয়ম ও মালিকানা বিতর্কে থাকা মোবাইলে আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান ‛নগদ, বেসরকারি খাতে ছাড়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নির্ভর করছে নতুন সরকারের নীতির ওপর। সরকার ইতিবাচক সিদ্ধান্ত নিলে তবেই বিনিয়োগ প্রক্রিয়া শুরু হবে বলে জানিয়েছেন ব্যারিস্টার মীর আহমাদ বিন কাসেম আরমান। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) দুপুরে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুরের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। ব্যারিস্টার আরমান বলেন, গভর্নর জানিয়েছেন, নতুন সরকার আসার পর ‛নগদ, নিয়ে তাদের চূড়ান্ত নীতি এখনো নির্ধারিত হয়নি। যদি সরকার অন্তর্বর্তী সরকারের মতো এটি বেসরকারি বিনিয়োগকারীদের হাতে দেওয়ার সিদ্ধান্ত নেয়, তাহলে পরবর্তী বিনিয়োগ প্রক্রিয়া শুরু হবে। তিনি বলেন, অন্তর্বর্তী সরকারের সময় থেকেই নগদে বিদেশি বিনিয়োগ আনার বিষয়ে আলোচনা চলছিল। সে ধারাবাহিকতায় গভর্নরের সঙ্গে এ বৈঠক অনুষ্ঠিত হয়। নিজের ভূমিকা সম্পর্কে আরমান জানান, তিনি সংসদ সদস্য হিসেবে নয়, একজন পেশাদার আইনজীবী হিসেবে বিদেশি প্রতিষ্ঠানের স্থানীয় প্রতিনিধি হিসেবে কাজ করছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## সোনারগাঁয়ে অবৈধভাবে ছাপা বই-৩ মেশিন জব্দ

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে অবৈধভাবে বই ছাপানোর কারখানায় অভিযান চালিয়ে মেশিন ও বিপুলসংখ্যক বই উদ্ধার করা হয়েছে। যার আনুমানিক মূল্য ২০ লাখ টাকা। সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাত সাড়ে ১১টায় উপজেলার কাঁচপুর বেহাকৈর এ অভিযান পরিচালনা করা হয়েছে। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা যায়, কাঁচপুরের একটি কারখানায় একটি চক্র দীর্ঘদিন ধরে বিভিন্ন শ্রেণির লেকচার এবং পাঞ্জেরি প্রকাশনী নামের গাইড বই বিনা অনুমতিতে ছাপিয়ে দেশের বিভিন্ন এলাকায় শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দিচ্ছিলেন। এতে সরকার বিপুল পরিমাণে রাজস্ব হারাচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## পোষ্য কোটা পুনর্বহালের অভিযোগ, বাতিল দাবিতে ২৪ ঘণ্টার আলটিমেটাম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ‛প্রাতিষ্ঠানিক সুবিধার, আড়ালে পুনরায় পোষ্য কোটা চালুর অভিযোগ উঠেছে। এ সিদ্ধান্ত সম্পূর্ণ বাতিলের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছে একদল শিক্ষার্থী। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ভবনের সামনে এ কর্মসূচি পালন করা হয়। এসময় বুধবার (২৫ ফেব্রুয়ারি) বেলা ১১টার মধ্যে পোষ্য কোটা চালুর সিদ্ধান্ত স্থগিত না করা হলে, কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দেন আন্দোলনকারীরা। অবস্থান কর্মসূচিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (জাকসু) কার্যকরী সদস্য মোহাম্মদ আলী

চিশতী ক্ষোভ প্রকাশ করে বলেন, ”বিগত সময়ে শিক্ষার্থীদের অন্যতম দাবি ছিল বৈষম্যমূলক পোষ্য কোটা সম্পূর্ণ বাতিল করা। গত বছর শিক্ষার্থীদের তীব্র আন্দোলনের মুখে এ কোটা বাতিল করা হয়। পরবর্তীতে জাকসু বন্ধ হওয়ার ভয় দেখিয়ে প্রাতিষ্ঠানিক সুবিধার নামে এটি পুনরায় ফিরিয়ে আনা হয়েছে। আমরা এর তীব্র নিন্দা ও ধিক্কার জানাই।„ (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## পুনরায় শ্রম ভিসা চালু করতে আরব আমিরাতকে পররাষ্ট্রমন্ত্রীর অনুরোধ

বাংলাদেশিদের জন্য পুনরায় শ্রম ভিসা চালু করতে সংযুক্ত আরব আমিরাতকে অনুরোধ জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সংযুক্ত আরব আমিরাতের বাংলাদেশের রাষ্ট্রদূত আব্দুল্লাহ আলি আল হামুদী পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এই অনুরোধ জানান মন্ত্রী। পররাষ্ট্র মন্ত্রণালয়ের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, পররাষ্ট্রমন্ত্রী সংযুক্ত আরব আমিরাতকে ধন্যবাদ জানান প্রায় ১.২ মিলিয়ন বাংলাদেশি প্রবাসীর জন্য এবং শ্রম ভিসা পুনরায় চালু করা, পাশাপাশি ব্যবসায়িক ও ট্রানজিট ভিসার সহজলভ্যতা বৃদ্ধির অনুরোধ করেন। সাক্ষাৎকালে দুই দেশের দীর্ঘমেয়াদি বন্ধুত্ব এবং ক্রমবর্ধমান কৌশলগত অংশীদারিত্ব পুনর্ব্যক্ত হয়। পররাষ্ট্রমন্ত্রী সংযুক্ত আরব আমিরাতের ডেপুটি প্রাইম মিনিস্টার ও পররাষ্ট্রমন্ত্রীর শুভেচ্ছা গ্রহণের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## ভিক্ষুকদের মোবাইল ব্যাংকিং হিসাব দিয়ে প্রতারণা, দম্পতি গ্রেফতার

বাড়িতে কোনো ভিক্ষুক এলে তাকে সরকারি রেশন ও অন্যান্য ভাতা পাইয়ে দেওয়ার প্রলোভন দেখিয়ে সংগ্রহ করা হতো, তাদের নামে নিবন্ধিত মোবাইল ব্যাংকিং হিসাবের তথ্য ও সিম কার্ড। পরে সেই নম্বর দিয়ে বিভিন্ন মানুষকে কল করে প্রতারণার ফাঁদে ফেলে হাতিয়ে নেওয়া হতো টাকা। তারপর ব্যবহৃত সিম ও মোবাইল নষ্ট করে লোপাট করে দেওয়া হতো প্রমাণ। এমনই এক চতুর প্রতারক দম্পতিকে গ্রেফতার করেছে চাঁপাইনবাবগঞ্জ পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) একটি দল। সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাজশাহী মহানগরের পবা থানা এলাকায় অভিযান পরিচালনা করে তাদের গ্রেফতার করা হয়। তারা হলেন মোছা. সুলতানা খাতুন (৪৫) ও তার স্বামী মো. মোবারক হোসেন (৫৫)। এসময় তাদের কাছ থেকে প্রতারণা করে সংগৃহীত ২১ লাখ ৩০ হাজার টাকা এবং অপরাধে ব্যবহৃত চারটি মোবাইল ফোন ও চারটি সিম কার্ড জব্দ করা হয়। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) রাজধানীতে সিআইডি সদর দপ্তরের বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) জসীম উদ্দিন খান এসব তথ্য জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## নগর ব্যবস্থাপনায় শৃঙ্খলা ফেরানো এখন বড়ো চ্যালেঞ্জ

দীর্ঘদিনের অব্যবস্থাপনার কারণে দেশের মহানগরীগুলো নানান সমস্যায় জর্জরিত বলে মন্তব্য করেছেন, বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক আবদুস সালাম। তিনি বলেছেন, নাগরিক সেবা নিশ্চিত করা এবং নগর ব্যবস্থাপনায় শৃঙ্খলা ফেরানো এখন বড়ো চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) দেশের ছয় সিটি করপোরেশনের নবনিযুক্ত প্রশাসক প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও জিয়ারত শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। আবদুস সালাম বলেন, মশাসহ নগরীর বিভিন্ন সমস্যার সমাধানের লক্ষ্যে আমাকে প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ইনশাল্লাহ, আজ থেকে শুরু করে আগামী কয়েক মাসের মধ্যে এসব সমস্যার সমাধান করে জনগণের ন্যায্য অধিকার তাদের কাছেই অর্পণ করবো। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## ডিসি মাসুদকে প্রধানমন্ত্রীর ফোন; অপহরণের ১ ঘণ্টায় স্কুলছাত্র উদ্ধার

প্রধানমন্ত্রী তারেক রহমানের পদক্ষেপে অপহরণের এক ঘণ্টার মধ্যে এক স্কুলছাত্রকে উদ্ধার করেছে পুলিশ। প্রধানমন্ত্রীর ফোনকলের পর রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মাসুদ আলমের নেতৃত্বে অভিযান চালিয়ে এই স্কুলছাত্রকে উদ্ধার করে পুলিশ। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর খিলগাঁওয়ের নির্মাণাধীন একটি ভবন থেকে ছেলেটিকে উদ্ধার করা হয়। অপহরণের শিকার স্কুলছাত্রের বাবার নাম খন্দকার শামীম। তিনি সচিবালয়ের কর্মচারী। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন বলেন, ছেলে অপহরণের খবর শুনে তিনি কাঁদতে কাঁদতে ঢুকে পড়েন প্রধানমন্ত্রীর দপ্তরে। প্রধানমন্ত্রীকে পেয়েও যান তিনি। প্রধানমন্ত্রী এ খবর শুনেই দ্রুত ব্যবস্থা নিতে ফোন করে পুলিশকে নির্দেশনা দেন। এই উদ্ধার অভিযানে নেতৃত্ব দেন পুলিশের রমনা বিভাগের ডিসি মাসুদ আলম।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## দুই সচিবের দপ্তর বদল

প্রশাসনে দুই সচিবের দপ্তর বদল করা হয়েছে। এ বিষয়ে মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের সচিব মো. আব্দুর রহমান তরফদারকে শ্রম ও

কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব নিয়োগ দেওয়া হয়েছে। অন্যদিকে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মো. সানোয়ার জাহান ভূঁইয়াকে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের সচিব হিসেবে বদলি করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## নড়াইলে বাবা-ছেলেসহ চারজন নিহতের ঘটনায় আটক ৬

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে নড়াইল সদর উপজেলার সিঙ্গাশোলপুর ইউনিয়নের বড়কুলা গ্রামে বাবা-ছেলেসহ চারজন নিহতের ঘটনায় ছয়জনকে আটক করেছে আইন-শৃঙ্খলা বাহিনী। সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাতে বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয়। তবে এ হত্যার ঘটনায় এখনো মামলা হয়নি বলে জানিয়েছে পুলিশ। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## ৪ মাস পর ছাড়পত্র পেয়ে ভারতে ঢুকলো সুপারিবাহী ১৭৬ ট্রাক

ভারত থেকে মান পরীক্ষার রিপোর্ট পাওয়ায় বেনাপোল বন্দরে আটকে থাকা রপ্তানিমুখী সুপারিবাহী ১৭৬টি ট্রাক ভারতে গেছে। দীর্ঘ চার মাস এসব ট্রাক বেনাপোল বন্দরে পড়ে ছিল। বর্তমানে যে-সব সুপারির ট্রাক আসছে, সেগুলো মান পরীক্ষার রিপোর্ট নিয়েই ভারতে ঢুকছে। রোববার (২২ ফেব্রুয়ারি) থেকে এসব ট্রাক ভারতে প্রবেশ করা শুরু করেছে। এরই মধ্যে সব ট্রাক ভারতে ঢুকে গেছে বলে জানা গেছে। বন্দর সংশ্লিষ্টরা বলছেন, জাতীয় সংসদ নির্বাচন শেষে বাণিজ্যে প্রতিবন্ধকতা কাটতে শুরু করায় আমদানি ও রপ্তানি গতি ফিরতে শুরু করেছে। ২০২৪ সালের ৫ আগস্ট দেশে রাজনৈতিক পটপরিবর্তনের পর দুই দেশের মধ্যে সম্পর্কে টানাপড়েন সৃষ্টি হয় এবং বাণিজ্যে প্রতিবন্ধকতা দেখা দেয়। প্রতি বছর ভারত-বাংলাদেশের মধ্যে প্রায় ১৪ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য আমদানি এবং দুই বিলিয়ন মার্কিন ডলারের পণ্য রপ্তানি হয়। রপ্তানি পণ্যের মধ্যে বড়ো একটি অংশ সুপারি। বাংলাদেশি সুপারির গুণগত মান ভালো হওয়ায়, ভারতে এর ব্যাপক চাহিদা রয়েছে। তথ্য অনুযায়ী, প্রতিবছর প্রায় ৭০০ কোটি টাকার সুপারি ভারতে রপ্তানি হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## যারা আন্দোলন-সংগ্রামে ছিল, তারাই হাট-ঘাট খাবে : স্বেচ্ছাসেবক দল নেতা

`যারা রাজপথে আন্দোলন-সংগ্রাম করেছে, ফ্যাসিস্ট হাসিনাকে তাড়িয়েছে, তারাই সকল হাট-ঘাট খাবে। সে যে দলেরই হোক,- এমন বক্তব্য দিয়ে আলোচনায় এসেছেন কুষ্টিয়ার কুমারখালী উপজেলার যদুবয়রা ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক রিপন হোসেন। সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাত ৮টার দিকে উপজেলার যদুবয়রা-পান্টি সড়কের চৌরঙ্গী বাজারের চৌরাস্তা মোড়ে তার অনুসারীদের উদ্দেশ্যে এমন বক্তব্য দেন। এরপর রাতেই খণ্ড খণ্ড কয়েকটি ভিডিও ফেসবুকে ছড়িয়ে পড়লে আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়। ফেসবুকে ছড়িয়ে পড়া ভিডিওতে স্বেচ্ছাসবক দল নেতা রিপনকে বলতে শোনা যায়, `রাজপথে আমরা এই হাসিনা ফ্যাসিস্ট সরকারকে সরানোর জন্য সংসারের সমস্ত কাজ ফেলে রেখে ও জীবনকে বিসর্জন দিয়ে আন্দোলন-সংগ্রাম করেছি। আজকে যে ছেলেগুলো এখানে উপস্থিত হয়েছে, তারাই অনেক দিন, অনেক রাত না খেয়ে পথে-প্রান্তরে ঘুরে বেরিয়েছে। তখন কিন্তু এই সকল ব্যবসায়ীরা কেউ ২০টি টাকা দেয় নাই। আর আপনারা সকল সুবিধা ভোগ করার জন্য পাঁয়তারা চালাচ্ছেন। লজ্জা করার দরকার আপনাদের। আজকে এই আসনে মেহেদী আহমেদ রুমীকে (ধানের শীষের প্রার্থী) আপনারই ফেল করায় ছিলেন।, স্বেচ্ছাসেবক দল নেতা রিপন হোসেন আরও বলেন, `এই বাজারখেকো যে-সব দালালেরা আছেন, আপনারা খুব সহজেই এই ছেলেদের অধিকারের জায়গা দখল করবেন না। আর যদি করেন, এই ক্ষুধার্ত ছেলেরা আজ যদি বাজার-ঘাট না খেতে পারে, সরকারে লিজ দেবে। এ সকল ছাত্ররা বাপের কাছ থেকে ভিক্ষা করে নিয়ে এসে হলেও বাজার লিজ নেবে। কিন্তু যখন আপনি ১০ টাকার জিনিস ৩০ টাকা দিয়ে কিনবেন, সেই সামর্থ্য এদের নেই (ছাত্র), এরা খেতেও পারবে না। কিন্তু এই অধিকার আপনাদের কে দেছে? আপনারা যদি দেশের জন্য কাজ করতেন, আন্দোলন-সংগ্রাম করতেন, রাজপথে যেতেন; বুঝতাম, আপনারা পাবেন। আপনাদের বাদ দিয়ে এ সকল ছেলেরা খেতে চায়নি। আপনাদের সাথে করে রেখে খুব অল্প ইজারা দিয়ে এরা আপাতত জীবনটা বাঁচাবে।,
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## চুক্তিভিত্তিক নিয়োগ পাওয়া বাহারুল আলমের অবশিষ্ট মেয়াদ বাতিল

পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) পদে চুক্তিভিত্তিক নিয়োগ পাওয়া বাহারুল আলমের অবশিষ্ট মেয়াদ বাতিল করেছে সরকার। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখার উপ-সচিব মো. গোলাম রব্বানী স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০২৪ সালের ২০ নভেম্বর জারি করা প্রজ্ঞাপনের মাধ্যমে আইজিপি পদে চুক্তিভিত্তিক নিয়োগ পাওয়া বাহারুল আলমের নিয়োগের অবশিষ্ট মেয়াদ বাতিল করা হয়েছে। তার নিজস্ব আবেদনের পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়। জনস্বার্থে জারি করা এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর দেশের বিভিন্ন প্রশাসনিক পদে ব্যাপক রদবদল করা হয়। এর ধারাবাহিকতায় একই বছরের ২১ নভেম্বর

বাহারুল আলমকে পুলিশ প্রধান হিসেবে নিয়োগ দেওয়া হয়। চুক্তি অনুযায়ী, তার আরও আট মাসের বেশি চাকরির মেয়াদ ছিল। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## গ্যাস সংকট নিয়ে তিতাসের সঙ্গে ইশরাকের বৈঠক, দ্রুত পদক্ষেপের আশ্বাস

ঢাকা-৬ আসনের বিভিন্ন এলাকায় দীর্ঘদিনের গ্যাস সংকট নিরসনে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী প্রকৌশলী ইশরাক হোসেন। সেখানে বাসাবাড়িতে রান্নাসহ নিত্যপ্রয়োজনীয় কাজে ভোগান্তি কমাতে সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে তিতাস গ্যাসের আঞ্চলিক কর্মকর্তাদের সঙ্গে এ বৈঠক হয়। বৈঠক সূত্রে জানা গেছে, ঢাকা-৬ আসনের একাধিক এলাকায় দীর্ঘ সময় ধরে গ্যাসের স্বল্পচাপ ও সরবরাহ সংকটের কারণে বাসিন্দারা চরম দুর্ভোগে রয়েছেন। এলাকাবাসীর ধারাবাহিক অভিযোগের প্রেক্ষিতে সমস্যা সমাধানে সংশ্লিষ্ট দপ্তরগুলোর মধ্যে সমন্বয় বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিমন্ত্রী ইশরাক হোসেনের নির্বাচনি অঙ্গীকারের অন্যতম ছিল আবাসিক গ্যাস সমস্যার স্থায়ী সমাধান নিশ্চিত করা। সে লক্ষ্যেই তিনি তিতাস গ্যাসের দায়িত্বশীল কর্মকর্তাদের সঙ্গে ধারাবাহিক বৈঠক করছেন বলে জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## জোনায়েদ সাকির নেতৃত্বে মশাল মিছিল `গুজব ও ভিত্তিহীন,: অর্থ মন্ত্রণালয়

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে অর্থ প্রতিমন্ত্রী জোনায়েদ আব্দুর রহিম সাকির নাম ব্যবহার করে একটি `ভিত্তিহীন, ইভেন্ট ছড়িয়ে পড়েছে বলে জানিয়েছে অর্থ মন্ত্রণালয়। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রতিমন্ত্রীর সম্পৃক্ততা ছাড়াই তার নাম জড়িয়ে বিভ্রান্তিকর প্রচারণা চালানো হচ্ছে। এতে বলা হয়েছে, আজ সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে অর্থ প্রতিমন্ত্রী জোনায়েদ সাকির নাম ব্যবহার করে `সোহরাওয়ার্দী উদ্যানে রমনা জোনের পুলিশের ডিসি মাসুদ কর্তৃক ঢাবি ছাত্র নিপীড়নের ঘটনায় স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগের দাবিতে জোনায়েদ সাকির নেতৃত্বে মশাল মিছিল, শিরোনামে একটি ভিত্তিহীন ইভেন্ট তৈরি করা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, এই ইভেন্টের সঙ্গে অর্থ প্রতিমন্ত্রী জোনায়েদ সাকির কোনো সম্পৃক্ততা নেই। অর্থ মন্ত্রণালয়ের পক্ষ থেকে এসব গুজব ও ভিত্তিহীন সংবাদ বিশ্বাস না করে সবাইকে সচেতন ও সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

## একনেক, ক্রয় ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গঠন

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক), সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গঠন করেছে সরকার। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এসব কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। একনেকের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিকল্প চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন। অর্থ ও পরিকল্পনামন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী, শিল্পমন্ত্রী, আইনমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী এবং সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী এ কমিটির সদস্য। সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির আহ্বায়ক অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী। সদস্য হিসেবে রয়েছেন- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী; স্বরাষ্ট্রমন্ত্রী; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী; পররাষ্ট্রমন্ত্রী এবং শিল্প ও আইনমন্ত্রী। অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির আহ্বায়কও অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী। স্থানীয় সরকার মন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, বাণিজ্যমন্ত্রী ও আইনমন্ত্রী এ কমিটির সদস্য।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০২.২০২৬ রিহাব)

# BBC

## ROB JETTEN BECOMES NETHERLANDS YOUNGEST EVER PM

Rob Jetten has become the youngest and first openly gay prime minister of the Netherlands after his minority government was sworn in. The 38-year-old claimed victory in October's election with his Democrats 66 party (D66) narrowly beating anti-Islam populist Geert Wilders in a nail-biting election. Jetten formed a center-right minority government with the People's Party for Freedom and Democracy (VVD) and the Christian Democratic Alliance (CDA). It is a minority cabinet, meaning every major reform in the coalition deal - from an extra €19bn for defence to painful cuts in healthcare and benefits - will have to be negotiated vote by vote in the Netherlands two parliamentary houses.
(BBC News Web Page: 24/02/26, FARUK)

## MORE THAN 5,000 FLIGHTS CANCELLED AS US EAST COAST DIGS OUT OF RECORD SNOW

A major storm hit the US east coast on Monday, bringing record-breaking snow that caused disruptions for millions and thousands of flight cancellations. Parts of Rhode Island and Massachusetts have seen nearly 37in of snowfall, with more than 19in in New York City's

Central Park, the National Weather Service (NWS) said. Weather warnings stretched from North Carolina to northern Maine, with some in place further north in parts of eastern Canada. More than 6,00,000 properties on the US east coast endured power outages, while the Boston Globe - a major US newspaper - said it will not go to print for the first time in its 153-year history due to the storm. (BBC News Web Page: 24/02/26, FARUK)

**FRENCH MINISTER MOVES TO BLOCK US ENVOY KUSHNER FROM GOVT. ACCESS**

The French foreign ministry says US envoy Charles Kushner should be blocked from access to the government after he failed to explain comments about an alleged "rise" in violence in France. Kushner, father of Donald Trump's son-in-law Jared Kushner, had been summoned to meet French Foreign Minister Jean-Noel Barrot on Monday evening, but did not attend. Instead, he said he had a prior engagement and sent a deputy from the US embassy. This prompted an angry response from the ministry, which accused Kushner of an "apparent failure to grasp the basic requirements of the ambassadorial mission" and said Barrot had requested Kushner "no longer be allowed direct access" to government ministers.
(BBC News Web Page: 24/02/26, FARUK)

**US PARTIALLY EVACUATES BEIRUT EMBASSY AMID RISING IRAN TENSIONS**

The US government has ordered all non-essential staff to leave its embassy in the Lebanese capital of Beirut after a security review, a senior State Department official has told the BBC. The decision comes as there are heightened tensions in the region, with US President Donald Trump threatening military action against Iran if it does not reach a deal over its nuclear programme. Iran has previously vowed to retaliate if attacked by the US, with American bases and facilities in the Middle East thought to be possible targets. Meanwhile, US Secretary of State Marco Rubio has delayed a planned trip to Israel without announcing a reason. (BBC News Web Page: 24/02/26, FARUK)

**HONG KONG LODGES 'STRONG PROTESTS' AFTER PANAMA TAKES CONTROL OF CANAL PORTS**

Hong Kong has formally complained to the government of Panama after it took control of two ports on the Panama Canal. It accused the Panamanian authorities of taking them over by force. The ports had been run by a Hong Kong-based company, CK Hutchison, for more than two decades. Last month, Panama's Supreme Court annulled the contracts which allowed the firm to operate the container ports, saying they were "unconstitutional". The ruling followed claims by US President Donald Trump that China was operating the canal. There is no public evidence to suggest this. (BBC News Web Page: 24/02/26, FARUK)

**HEAVY RAINS FLOOD GAZA TENTS AS ISRAEL KILLS TWO MORE PALESTINIANS**

Palestinians across Gaza have woken up to heavy rains that flooded their makeshift tents as they brave the winter with little to no protection. The enclave was hit by a winter storm late Monday through Tuesday - the first since the start of the holy month of Ramadan - with Gaza's civil defence units reporting multiple distress calls overnight. Meanwhile, Israeli forces continued to kill Palestinians in Gaza in violation of a "ceasefire" reached with Hamas in October. As the enclave battled the aftermath of the rains, the Israeli military killed two people, including a boy, in northern Gaza's Beit Lahiya area.
(BBC News Web Page: 24/02/26, FARUK)

**IRAN ARMY HELICOPTER CRASHES INTO MARKET, KILLING 2 PILOTS & 2 MERCHANTS**

Two military pilots and two merchants have been killed after an army helicopter crashed into a fruit market in central Iran. The crash on Tuesday morning occurred in Dorcheh, a town in Isfahan province, where the army has a major airbase, according to state media, which said the cause was likely a technical fault in the aircraft. Footage broadcast by state media from the scene of the crash showed the wreckage and emergency responders putting out the fire. The army centre said the cause of the crash is under investigation. The local judiciary chief, Asadolkah Jafari, said he had also opened a case and dispatched investigators.
(BBC News Web Page: 24/02/26, FARUK)

**:: THE END ::**